



২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১৭/০৮/২০২৩ ইং, বৃহস্পতিবার।

- পরীক্ষার আবেদন পূরণের জন্য ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে ১২/০৭/২০২৩ তারিখের মধ্যে কেন্দ্রিয় লাইব্রেরি থেকে ছাড়পত্র (ক্রিয়ারেন্স) গ্রহণ করতে হবে। পরীক্ষার ফরম পূরণের আবেদন (নিয়মিত, অনিয়মিত, একপত্র/দুইপত্র এবং জিপিএ উন্নয়ন) কলেজ ওয়েবসাইট www.blcollege.edu.bd-এ পাওয়া যাবে।
- অনলাইনে পরীক্ষার ফি পরিশোধের তারিখ: ০৯/০৭/২০২৩ হতে ১৬/০৭/২০২৩ তারিখ পর্যন্ত।
অনলাইনে ফি পরিশোধের লিংক- <https://sbl.com.bd:7070/HSCFee/Payment/> লিংকে প্রবেশ করে Form Fill-Up সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে পেমেন্ট সম্পন্ন করুন। ফি পরিশোধের পর Payment Slip সংগ্রহ করতে হবে।
- আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ (জরিমানা ছাড়া):

শাখা	প্রকার	জমাদানের তারিখ	সময় ও স্থান
বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক	নিয়মিত	০৯.০৭.২০২৩ হতে ১৬.০৭.২০২৩ তারিখ পর্যন্ত	সকাল ১০টা থেকে একাডেমিক ভবনের ৩য় তলা থেকে যাচাই পূর্বক প্রশাসনিক ভবনে
সকল শাখা	অনিয়মিত/জিপিএ উন্নয়ন ও এক/দুই বিষয়	০৯.০৭.২০২৩ হতে ১৬.০৭.২০২৩ তারিখ পর্যন্ত	

- ফিসাদি (বোর্ড কর্তৃক নির্ধারিত):
শুধুমাত্র নিয়মিত: বিজ্ঞান (৯পত্র ব্যবহারিকসহ) ২৭৩০/-, ব্যবসায় শিক্ষা (৫পত্র ব্যবহারিকসহ) ২৪৫০/-, ব্যবসায় শিক্ষা (৩পত্র ব্যবহারিকসহ) ২৩১০/-, ব্যবসায় শিক্ষা (১পত্র ব্যবহারিকসহ) ২১৭০/-, মানবিক (৩পত্র ব্যবহারিকসহ) ২৩১০/-, মানবিক (১পত্র ব্যবহারিকসহ) ২১৭০/-
১ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য
ক) ১ বিষয়সহ ব্যবহারিক থাকলে = ১১৩০.০০
১ বিষয়সহ ব্যবহারিক না থাকলে = ১০১০.০০
২ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য
খ) ২ বিষয়সহ ব্যবহারিক থাকলে = ১২৫০.০০
২ বিষয়সহ ১টি ব্যবহারিক থাকলে = ১১৩০.০০
২ বিষয়সহ ব্যবহারিক না থাকলে = ১০১০.০০

- * অনিয়মিত শিক্ষার্থীদের নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত ১০০/- টাকা জমা দিতে হবে।
- যে সকল শিক্ষার্থী ২০২২ সালে এইচএসসি পরীক্ষায় আবেদন ফরম পূরণ করেনি তাদেরকে পুনঃভর্তি বাবদ ২২৮৮/- টাকা ফি পরিশোধ পূর্বক দ্বাদশ শ্রেণীতে ভর্তি হতে হবে। নিয়মিত যেসকল শিক্ষার্থী এখনও দ্বাদশ শ্রেণীতে ভর্তি হয়নি পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বেই তাদেরকে কলেজ অফিসের ক্যাশ শাখায় বেতন পরিশোধ করে ভর্তি হতে হবে অন্যথায় পরীক্ষার আবেদন ফরম পূরণের সুযোগ দেওয়া হবে না।
 - পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :
ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীরা ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।
খ) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।
 - বিশেষ পরীক্ষার্থী (এক/ দুই) বিষয় : ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে তারা এক/ দুই বিষয়ে ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ইচ্ছা করলে তারা সকল বিষয়েই অংশগ্রহণ করতে পারবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ব্যতীত ফলাফল প্রকাশের কোন সুযোগ নেই।
 - জিপিএ উন্নয়ন : ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালের পূর্বের কোন পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের আবেদন করতে পারবে না।
 - আবেদন ফরম জমাদানের নিয়মাবলী:
ক) আবেদন ফরমের সাথে ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং এস. এস. সি/ সমমান পরীক্ষায় পাসের নম্বরপত্রের ফটোকপি ও এইচএসসির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
খ) অনলাইনে বেতন এবং পরীক্ষার ফরম পূরণের ফি পরিশোধের Payment Slip-এর মূল কপি সংযুক্ত করতে হবে।
গ) ২০২১-২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী দ্বাদশ শ্রেণীতে ভর্তি হয়নি তাদেরকে ভর্তি ফি বাবদ ২২৮৮/- টাকা <https://sbl.com.bd:7070/HSCFee/Payment/Admission> লিংকে প্রবেশ করে অনলাইনে পরিশোধ করতে হবে।
ঘ) যে সকল ছাত্র-ছাত্রী ছাড়পত্র (টি. সি.) এর মাধ্যমে এ কলেজে ভর্তি হয়েছে তাদেরকে আবেদন ফরমের সাথে ছাড়পত্রের কপি সংযুক্ত করতে হবে।
ঙ) অনিয়মিত/ অকৃতকার্য/ জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্বের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
চ) ছাত্র-ছাত্রীদেরকে ফরম পূরণের চূড়ান্ত বিবরণীতে স্বাক্ষর করার তারিখ পরবর্তীতে কলেজ অফিস থেকে জেনে নিতে হবে।

Emreey
25/6/2023
(প্রফেসর শরীফ আতিকুলজামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা